# ২৯/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের নিরাপত্তা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ সাখাওয়াত হোসেন<br>উপপরিচালক (উপসচিব)<br>বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়<br>তেজগাঁও, ঢাকা-১২০৮। |
| তারিখ | ঃ | ২৯ অক্টোবর ২০২০। |
| সময় | ঃ | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | সভাপতির অফিস কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদর্শিত হলো।

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশে জনাব লিটু শেখ, কেয়ারটেকার (দায়িত্ব প্রাপ্ত) গত ২৮/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। এতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং কেপিআই সার্ভে টিমের ০৪/১২/২০১৯, তারিখের ১৪১৪/১(৬) সংখ্যক স্মারকমূলে প্রেরিত জরিপ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.১ | চতুর্পাশের স্থাপনা সমূহের ওপর নজরদারি রাখা। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রেসের চতুর্পাশের বিদ্যমান বৈধ/অবৈধ স্থাপনা সমূহের (২০ মিটারের মধ্যে) ওপর নজরদারি রাখার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, নজরদারি অব্যাহত আছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রেসের চতুর্পাশের বিদ্যমান বৈধ/অবৈধ স্থাপনা সমূহের (২০ মিটারের মধ্যে) ওপর নজরদারি অব্যাহত রাখতে হবে। | কেয়ারটেকার। |
| ২.২ | স্পর্শকাতর এলাকায় নিয়ন্ত্রিত প্রবেশাধিকার, সশস্ত্র প্রহরা ও আলোর ব্যবস্থা করা। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে ঝুঁকিপূর্ণ স্থান কেপিআইয়ের সাধারণ এলাকা হতে পৃথক, নিয়ন্ত্রিত প্রবেশাধিকার এবং সার্বক্ষণিক সশস্ত্র প্রহরা ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সুপারিশসমূহ বাস্তবায়ন করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী ঝুঁকিপূর্ণ স্থান কেপিআইয়ের সাধারণ এলাকা হতে পৃথক রাখতে, নিয়ন্ত্রিত প্রবেশাধিকার এবং সার্বক্ষণিক সশস্ত্র প্রহরা ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | সিকিউরিটি অফিসার (স্টোর) এবং কেয়ারটেকার। |
| ২.৩ | পাস ব্যবস্থা। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্পর্শকাতর এলাকায় প্রবেশের ক্ষেত্রে আলাদা রংয়ের পাস ব্যবস্থা এবং কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড ঝুলিয়ে ব্যবহার করার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্পর্শকাতর এলাকায় প্রবেশের ক্ষেত্রে আলাদা রংয়ের পাস ব্যবস্থা এবং কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড ঝুলিয়ে ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সিকিউরিটি অফিসার (স্টোর) এবং সকল শাখা প্রধান। |
| ২.৪ | স্থায়ী সশস্ত্র প্রহরা এবং প্যাট্রোল। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে দিনে ও রাতে সশস্ত্র টহল ডিউটির ব্যবস্থা রাখার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | দিনে ও রাতে সশস্ত্র টহল ডিউটির ব্যবস্থা রাখার কেপিআই সার্ভে টিমের সুপারিশ অবিলম্বে সম্পূর্ণ বাস্তবায়ন করতে হবে। | কেয়ারটেকার। |
| ২.৫ | ফ্লাড লাইটিং ব্যবস্থা। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে ফ্লাড লাইটের মাধ্যমে স্থাপনা আলোকিত করার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভায় জানান যে, সুপারিশ মোতাবেক ১৮টি ফ্লাড লাইট ও ১০টি সিকিউরিটি লাইটের মাধ্যমে স্থাপনা আলোকিত করার ব্যবস্থা করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী ফ্লাড লাইটের মাধ্যমে স্থাপনা আলোকিত করার ব্যবস্থা অব্যাহত থাকবে। | কেয়ারটেকার। |

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.৬ | ভিপিতে কর্মরতদের ভেটিং। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে এ প্রেসের স্পর্শকাতর এলাকায় (Vulnerable Point) বা ভিপিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রতি বছর একবার এনএসআই এবং এসবি কর্তৃক ভেটিং সম্পন্ন করার জন্য সুপারিশ করা হয়েছে। সভায় জানানো হয় যে, ২০১৮ সালে ভিপিতে কর্মরতদের মধ্য থেকে ১০ জন এবং ২০১৯ সালে ৪১ জন মোট ৫১ জন কর্মচারীর ভেটিং করার প্রস্তাব এনএসআই-তে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট কর্মচারীদের ভেটিং কার্যক্রম চলছে। | অবশিষ্ট কর্মচারীদের ভেটিং কার্যক্রম পর্যায়ক্রমে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | প্রশাসন শাখা প্রধান |
| ২.৭ | কর্মচারীদের প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন । | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্থাপনায় চাকুরিতে নিয়োগ লাভের পূর্বেই প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন করতে এবং প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন ব্যতীত কাউকে স্থাপনায় স্থায়ী/অস্থায়ী বা মাস্টার রোলেও নিয়োগ না দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্থাপনায় চাকুরিতে নিয়োগ লাভের পূর্বেই প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন করতে হবে এবং প্রারম্ভিক নিরাপত্তা প্রতিপাদন ব্যতীত কাউকে স্থাপনায় স্থায়ী/ অস্থায়ী বা মাস্টার রোলেও নিয়োগ দেওয়া যাবে না। | প্রশাসন শাখা প্রধান। |
| ২.৮ | এনএসআই ট্রেনিং স্কুলে প্রশিক্ষণ। | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই ট্রেনিং স্কুল) থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এবং প্রেসের স্পর্শকাতর এলাকার শাখাসমূহের অর্থাৎ প্রসেস, মেশিন, বাইন্ডিং, স্টোর, মেকানিক্যাল শাখা, ৫০০ কেভি বিদ্যুৎ সাব-স্টেশন, টাইম কিপিং ও কেয়ারটেকিং শাখার শাখা প্রধানগণকে পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণের জন্য মনোনীত করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এবং প্রেসের স্পর্শকাতর এলাকার শাখাসমূহের অর্থাৎ প্রসেস, মেশিন, বাইন্ডিং, স্টোর, মেকানিক্যাল শাখা, ৫০০ কেভি বিদ্যুৎ সাব-স্টেশন, টাইম কিপিং ও কেয়ারটেকিং শাখার শাখা প্রধানদের মধ্য হতে ক্যামেরাম্যান ও সহকারী বাইন্ডিং ফোরম্যান দুই জন কর্মচারী নাম প্রস্তাব গত ১৮/০২/২০২০ তারিখে পত্র নং ৫৮ মারফত এনএসআই ট্রেনিং স্কুলে প্রেরণ করা হয়েছে। | প্রশাসন শাখা প্রধান। |
| ২.৯ | ভিজিলেন্স টিম কর্তৃক পরিদর্শন। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম কর্তৃক নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখাসহ পরিদর্শন রেজিস্টার রক্ষণাবেক্ষণ করার সুপারিশ করা হয়েছে। উক্ত বিষয়ে সভায় কেয়ারটেকার জানান যে, আলোচ্য সুপারিশ অনুযায়ী পরিদর্শন অব্যাহত আছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম কর্তৃক নিয়মিত পরিদর্শন ও পরিদর্শন রেজিস্টার রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অভ্যন্তরীণ ভিজিলেন্স টিম। |
| ২.১০ | নিরাপত্তা কর্মকর্তার নোট বই। | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্থাপনার নিরাপত্তা সংক্রান্ত দৈনন্দিন গুরুত্বপূর্ণ ঘটনাবলী নোট বইয়ে লিপিবদ্ধ করত নিরাপত্তা সংক্রান্ত মিটিংয়ে উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করার জন্য সুপারিশ করা হয়েছে। উক্ত বিষয়ে সভায় কেয়ারটেকার জানান যে, আলোচ্য সুপারিশ বাস্তবায়ন অব্যাহত আছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্থাপনার নিরাপত্তা সংক্রান্ত দৈনন্দিন গুরুত্বপূর্ণ ঘটনাবলী নোট বইয়ে লিপিবদ্ধকরত নিরাপত্তা সংক্রান্ত মিটিংয়ে উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | সিকিউরিটি অফিসার (স্টোর) এবং কেয়ারটেকার। |

অঃ পৃঃ দ্রঃ../৩

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.১১ | সংলগ্ন গাছপালা এবং টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি অপসারণ। | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে সীমানা প্রাচীরের ভেতরে ও বাইরে ৫ ফুটের মধ্যে অবস্থিত টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি অপসারণ, গাছপালা কেটে/ডালাপালা ছেঁটে পরিষ্কার রাখার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে অবহিত করেন যে, গাছপালা/ডালাপালা কেটে/ছেঁটে পরিষ্কার রাখা হচ্ছে। এছাড়া আলোচ্য টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি অপসারণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে পূণরায় পত্র প্রেরণ করা হবে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী সীমানা প্রাচীরের ভেতরে ও বাইরে ৫ ফুটের মধ্যে অবস্থিত টেলিফোন ও বৈদ্যুতিক খুঁটি দ্রুত অপসারণের ব্যবস্থা করতে হবে। | কেয়ারটেকার। |
| ২.১২ | প্রহরা চৌকি নির্মাণ এবং প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন। | বর্তমানে ১টি ১৪ ফুট উচ্চতার প্রহরা চৌকি ও ২টি সেন্ট্রি পোস্ট রয়েছে। কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আরও ১টি ১৫/২০ ফুট উচ্চতার প্রহরা চৌকি নির্মাণ করতে, প্রতিটি প্রহরা চৌকিতে নিরাপত্তা প্রহরী নিয়োজিত করতে এবং স্থাপনার নিরাপত্তার স্বার্থে প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন করতে সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, প্রহরা চৌকি নির্মাণের বিষয়ে ৬/৫/২০১৫ তারিখে গণপূর্ত বিভাগকে পত্র প্রেরণ করা হয়েছে। পূণরায় তাগিদপত্র প্রেরণ করা হবে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী বর্তমান ১টি প্রহরা চৌকির অতিরিক্ত আরও ১টি ১৫/২০ ফুট উচ্চতার প্রহরা চৌকি নির্মাণ করতে হবে। প্রতিটি প্রহরা চৌকিতে নিরাপত্তা প্রহরী নিয়োজিত করতে হবে এবং স্থাপনার নিরাপত্তার স্বার্থে প্রহরা চৌকিতে নাইটভিশন সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | কেয়ারটেকার। |
| ২.১৩ | এসকর্ট ব্যবস্থা | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আগত দর্শনার্থীদের এসকর্টের মাধ্যমে যথাস্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়ন করা হচ্ছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী আগত দর্শনার্থীদের এসকর্টের মাধ্যমে যথাস্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | কেয়ারটেকার। |
| ২.১৪ | স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা এবং আর্চওয়ে স্থাপন। | সভায় জানানো হয় যে, বর্তমানে ১টি হ্যান্ড মেটাল ডিটেক্টর, ১টি ভেহিক্যাল সার্চ মিরর, ২০টি সিসি ক্যামেরা ও ২টি মনিটর রয়েছে। কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা (৩ মাসের রেকর্ডিং সিস্টেম সহ) এবং আর্চওয়ে স্থাপন করার জন্য সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত সুপারিশ আংশিক বাস্তবায়ন হয়েছে। অবশিষ্ট কার্যক্রম (৩ মাসের রেকর্ডিং সিস্টেম চালু) প্রক্রিয়াধীন। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী স্পর্শকাতর এলাকায় পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা (৩ মাসের রেকর্ডিং সিস্টেম সহ) এবং আর্চওয়ে স্থাপন করার সুপারিশ সম্পূর্ণভাবে বাস্তবায়নের দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কেয়ারটেকার। |
| ২.১৫ | চাবি জমার বই ও বক্স। | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রশাসনিক নিরাপত্তার স্বার্থে চাবি জমা ও গ্রহণ রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে ব্যবহার নিশ্চিত করার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রশাসনিক নিরাপত্তার স্বার্থে চাবি জমা ও গ্রহণ রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে ব্যবহার নিশ্চিত করতে হবে। | কেয়ারটেকার। |

অঃ পৃঃ দ্রঃ../৪

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.১৬ | অগ্নিকাণ্ড প্রতিরোধ। | ১। অগ্নিকাণ্ডের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। এছাড়া, সকল অগ্নি নির্বাপন যন্ত্রসমূহ সচল রাখতে এবং মোট কতটি অগ্নিনির্বাপন যন্ত্র রয়েছে ও কতটি সচল রয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, ১৫৬টি অগ্নিনির্বাপন যন্ত্র আছে। যা গণপূর্ত ই/এম বিভাগ কর্তৃক গত ১৯/০৯/২০২০খ্রিঃ তারিখ ১৫৬টি অগ্নিনির্বাপ যন্ত্র রিফিলিং পূর্বক স্থাপন করা হয়েছে। এছাড়া, ১৪টি বালতিতে শুকনা বালি রাখা হচ্ছে।<br>২। অগ্নি দুর্ঘটনা ঘটলে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃক মাঝে মধ্যে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো পরীক্ষা করে তার কার্যকারিতা যাচাই করেন এবং মুদ্রণালয়ের অভ্যন্তরে কোন কর্মচারী যাতে কোন ক্রমেই ধূমপান না করেন এবং মশার কয়েল ও মোমবাতি/কুপী না জ্বালাতে পারেন তা নিশ্চিত করতেও সভাপতি নির্দেশ প্রদান করেন। | ১। অগ্নিকাণ্ডের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে। সকল অগ্নি নির্বাপন যন্ত্রসমূহ সচল রাখতে হবে এবং মোট কতটি অগ্নিনির্বাপন যন্ত্র রয়েছে ও কতটি সচল রয়েছে তার তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে। অগ্নিনির্বাপন যন্ত্রের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক বালতিতে শুকনো বালি রাখতে হবে।<br>২। অগ্নি দুর্ঘটনা ঘটলে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ মাঝে মধ্যে অগ্নিনির্বাপন যন্ত্রগুলো পরীক্ষা করে তার কার্যকারিতা যাচাই করেন এবং মুদ্রণালয়ের অভ্যন্তরে কোন কর্মচারী যাতে কোন ক্রমেই ধূমপান না করেন এবং মশার কয়েল ও মোমবাতি/কুপী না জ্বালান তা নিশ্চিত করতে হবে। | ১। কেয়ারটেকার<br>২। সিকিউরিটি অফিসার (স্টোর) এবং সকল শাখা প্রধান। |
| ২.১৭ | দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান। | সভায় জানানো হয় যে, কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে কেপিআইয়ে গুরুত্বপূর্ণ দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান কল্পে The Official secrets Act, 1923 সহ সরকারের অন্যান্য প্রচলিত আইন অনুসরণের সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী কেপিআইয়ে গুরুত্বপূর্ণ দলিল ও নথিপত্রের নিরাপত্তার বিধান কল্পে The Official secrets Act, 1923 সহ সরকারের অন্যান্য প্রচলিত আইন অনুসরণ করতে হবে। | সিকিউরিটি অফিসার (স্টোর)। |
| ২.১৮ | ইভাকুয়েশন প্ল্যান। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে আপদকালীন সময়ে স্থাপনায় কর্মরতদের করণীয় সংক্রান্ত গাইড লাইন দিয়ে ইভাকুয়েশন প্ল্যান প্রস্তুত করার সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে PWD কে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে। এছাড়া ইতঃপূর্বে নিরাপত্তা সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে অফিস আদেশ জারী করা হয়েছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী আপদকালীন সময়ে স্থাপনায় কর্মরতদের করণীয় সংক্রান্ত গাইড লাইন দিয়ে ইভাকুয়েশন প্ল্যান প্রস্তুত করার ব্যবস্থা করতে হবে। | কেয়ারটেকার। |
| ২.১৯ | দুর্যোগকালীন ব্যবস্থা। | কেপিআই সার্ভে টিমের জরিপ প্রতিবেদনে প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ ভূমিকম্প, টর্নেডো, সাইক্লোন ইত্যাদি কারণে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরাপত্তা ব্যবস্থা সমুন্নত রাখার জন্য স্থাপনার বিল্ডিং বুয়েট ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা পূর্বক ভূমিকম্প সহনশীল মাত্রাসহ আয়ুষ্কাল নির্ধারণ পূর্বক Standard Operating Procedure (SOP) প্রস্তুত করতে সুপারিশ করা হয়েছে। কেয়ারটেকার সভাকে জানান যে, সুপারিশ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | কেপিআই সার্ভে টিমের সুপারিশ অনুযায়ী প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ ভূমিকম্প, টর্নেডো, সাইক্লোন ইত্যাদি কারণে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরাপত্তা ব্যবস্থা সমুন্নত রাখার জন্য স্থাপনার বিল্ডিং বুয়েট ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা পূর্বক ভূমিকম্প সহনশীল মাত্রাসহ আয়ুষ্কাল নির্ধারণ পূর্বক Standard Operating Procedure (SOP) প্রস্তুত করতে হবে। | সিকিউরিটি অফিসার (স্টোর) এবং কেয়ারটেকার। |



অঃ পৃঃ দ্রঃ../৫

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.২০ | প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণ প্রসঙ্গে। | প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নিরাপত্তা প্রহরা জোরদার করাসহ বহিরাগত কেউ যেন বিনানুমতিতে প্রেস অভ্যন্তরে প্রবেশ করতে না পারে এ ব্যাপারে পুলিশ ও গার্ডদেরকে সতর্ক রাখার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। কেয়ারটেকার সভাকে জানান যে, নিরাপত্তা ব্যবস্থা জোরদার অব্যাহত আছে। | প্রেসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নিরাপত্তা প্রহরা জোরদার করাসহ বহিরাগত কেউ যেন বিনানুমতিতে প্রেস অভ্যন্তরে প্রবেশ করতে না পারে সে জন্য পুলিশ ও গার্ডদেরকে সতর্ক করা অব্যাহত রাখতে হবে। | কেয়ারটেকার। |
| ২.২১ | ডাবল প্রটেক্টেড জোনে কর্মরতদের বিনানুমতিতে বাইরে গমন না করা। | নিরাপত্তা নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ এবং ডাবল প্রটেক্টেড জোনে কর্মরত কর্মচারীগণ যাতে বিনানুমতিতে বাইরে গমন করতে না পারেন তা নিশ্চিত করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত নির্দেশনা প্রতিপালন অব্যাহত আছে। | নিরাপত্তা নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ এবং ডাবল প্রটেক্টেড জোনে কর্মরত কর্মচারীগণ যাতে বিনানুমতিতে বাইরে গমন করতে না পারেন তা নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | টাইমকিপার, কেয়ারটেকার এবং সংশ্লিষ্ট সকল শাখা প্রধান। |
| ২.২২ | বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে মালামাল না রাখা। | বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে কোন প্রকার মালামাল না রাখার বিষয়ে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণ করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | বৈদ্যুতিক তার ও বোর্ড সংলগ্ন স্থানে কোন প্রকার মালামাল রাখা যাবে না। | সকল শাখা প্রধান এবং বিদ্যুৎ মেকানিক। |
| ২.২৩ | প্রেস অভ্যন্তরে ধূমপান না করা। | প্রেস অভ্যন্তরে ধূমপান করা নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ। প্রেস অভ্যন্তরকে ধূমপান মুক্ত রাখার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। কোন কর্মচারী প্রেস অভ্যন্তরে ধূমপান করলে সংশ্লিষ্ট শাখা প্রধান ও কেয়ারটেকারকে লিখিতভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করতে এবং ধূমপায়ী কর্মচারীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। | প্রেস অভ্যন্তরকে ধূমপান মুক্ত রাখতে হবে। কোন কর্মচারী প্রেস অভ্যন্তরে ধূমপান করলে সংশ্লিষ্ট শাখা প্রধান ও কেয়ারটেকার লিখিতভাবে তা কর্তৃপক্ষকে অবহিত করবে এবং ধূমপায়ী কর্মচারীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল শাখা প্রধান ও কেয়ারটেকারএবং সিকিউরিটি অফিসার (স্টোর)। |
| ২.২৪ | ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা। | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে পুলিশ ও গার্ডদেরকে তৎপর রাখতে সভাপতি নির্দেশ প্রদান করেন। | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে প্রেসের নিবিড় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে পুলিশ ও গার্ডদেরকে তৎপর রাখতে হবে। | কেয়ারে টকার। |
| ২.২৫ | বিদ্যুৎ বিভ্রাট/ লোডশেডিং-এর সময় বিকল্প পদ্ধতিতে বিদ্যুৎ সংযোগ দেওয়া। | বিদ্যুৎ বিভ্রাট বা লোডশেডিং-এর সময় আইপিএস-এর মাধ্যমে প্রেস অভ্যন্তরে ও বাইরে লাইটিং-এর ব্যবস্থা করা এবং ইতোমধ্যে সংগৃহীত আইপিএসসমূহ সচল রাখতে ও প্রয়োজন হলে আরও আইপিএস সংগ্রহ করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। কেয়ারটেকার সভাকে জানান যে, উক্ত সুপারিশ আংশিক বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট কার্যক্রম প্রক্রিয়াধীন। | বিদ্যুৎ বিভ্রাট বা লোডশেডিং-এর সময় আইপিএস-এর মাধ্যমে প্রেস অভ্যন্তরে ও বাইরে লাইটিং-এর ব্যবস্থা করতে হবে। ইতোমধ্যে সংগৃহীত আইপিএসসমূহ সচল রাখাসহ শতভাগ সুপারিশ বাস্তবায়ন করতে হবে। | কেয়ারটেকার ও বিদ্যুৎ মেকানিক। |
| ২.২৬ | জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য ইমার্জেন্সি ফটক প্রস্তুত রাখা। | ভুমিকম্প, অগ্নিদুর্ঘটনা বা যে কোন জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য প্রেসের ২য় ফটক যাতে দ্রুত খুলে দেওয়া যায়, সে জন্য তালা মাঝেমধ্যে খুলে পরীক্ষা করতে হবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ভুমিকম্প, অগ্নিদুর্ঘটনা বা যে কোন জরুরি পরিস্থিতিতে দ্রুত ও নিরাপদ বহির্গমনের জন্য প্রেসের ২য় ফটক যাতে দ্রুত খুলে দেওয়া যায়, সে জন্য তালা মাঝেমধ্যে খুলে পরীক্ষা করতে হবে। | কেয়ারটেকার |

অঃ পৃঃ দ্রঃ../৬

| নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ২.২৭ | কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ | করোনা ভাইরাসের (কোভিড-১৯) কারণে বর্তমানে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও জনগণের স্বাস্থ্যঝুঁকি দেখা দিয়েছে। করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধের জন্য এ মুদ্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। এ লক্ষ্যে তিনি সকল কর্মচারীকে কর্মস্থলে মাস্ক ও প্রয়োজনে হ্যান্ড গ্লাভস ব্যবহার, কর্মস্থলে প্রবেশের সময় প্রধান ফটকে শরীরের তাপমাত্রা পরিমাপ ও সাবান/সেনিটাইজার/হেক্সাসোল দিয়ে হাত ধোয়াসহ পরিষ্কার-পরিচ্ছন্ন থেকে মুদ্রণ/দাপ্তরিক দায়িত্ব পালনের ওপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। | করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধের জন্য এ মুদ্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ লক্ষ্যে সকল কর্মচারীকে কর্মস্থলে মাস্ক ও প্রয়োজনে হ্যান্ড গ্লাভস ব্যবহার করতে হবে, কর্মস্থলে প্রবেশের সময় প্রধান ফটকে তাদের দেহের তাপমাত্রা পরিমাপসহ সাবান/সেনিটাইজার/হেক্সিসোল দিয়ে হাত ধোয়াসহ পরিষ্কার-পরিচ্ছন্ন থেকে মুদ্রণ/দাপ্তরিক দায়িত্ব পালন করতে হবে। | সকল কর্মকর্তা-কর্মচারী। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

**(মোঃ সাখাওয়াত হোসেন)**
(উপসচিব)
উপপরিচালক
ফোনঃ ৮৮৯১২১৪
ই-মেইল-dd.bsp@dpp.gov.bd

**নথি নং-০৫.৮৪.০০০০.০০৫.০৬.০৩৩.১৭/** ৭৪২/১(৩৮

তারিখ ঃ ১৭/০৭/১৪২৭ বঙ্গাব্দ
০২/১১/২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। বিশেষ পুলিশ সুপার (কেপিআই) ও চেয়ারম্যান, কেপিআই সার্ভে টিম, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৪। সিকিউরিটি অফিসার (স্টোর), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৫। শাখা প্রধান, প্রশাসন শাখা/হিসাব শাখা/স্টোর শাখা/টাইমকিপিং শাখা/কেয়ারটেকিং শাখা/পরিকল্পনা ও মূল্যায়ন শাখা/প্রসেস শাখা/মেশিন শাখা/বাইন্ডিং শাখা/মেকানিক্যাল শাখা, তেজগাঁও, ঢাকা।
৬। এ.এস.আই (নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৭। উপপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (উপপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। গার্ড ফাইল।

০২/১১/২০

**(মোঃ সাখাওয়াত হোসেন)**
(উপসচিব)
উপপরিচালক